

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৮৯]

৮/ বিভিন্ন নেক আমলের ফ্যীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৯৪: প্রথম কাতারের ফ্যীলত, প্রথম কাতারসমূহ পূরণ করা, কাতার সোজা করা এবং ঘন হয়ে কাতার বাঁধার গুরুত্ব

(194) بَابُ فَضْلِ الصَفِّ الْأَوَّلِوَالْأَمْرِ بِإِتْمَامِ الصُّفُوفِ الأَوَّلِ، وَتَسْوِيَتِهَا، وَالتَّرَاصِّ فِيْهَا

আরবী

وَعَنِ النَّعَمَانِ بِنِ بَشِيرٍ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: سَمِعتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم عليه وسلم يَقُولُ: «لَتُسَوُّنَّ صنُفُوفَكُمْ، أَوْ لَيُخَالِفَنَّ اللهُ بَيْنَ وُجُوهِكُمْ». مَتفقٌ عَلَيهِ

وفي رواية لمسلم: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم كَانَ يُسُوِّي صِنُفُوفَنَا، حَتَّى كَأَنَّمَا يُسَوِّي بِهَا القِدَاحَ حَتَّى رَأَى أَنَّا قَدْ عَقَلْنَا عَنْهُ، ثُمَّ خَرَجَ يَوماً فَقَامَ حَتَّى كَادَ يُكَبِّرُ، فَرَأَى رَجُلاً بَادِياً صَدْرُهُ مِنَ الصَّفِّ، فَقَالَ: عِبَادَ اللهِ! لتُسَوُّنَ صَدُوْهُ مِنَ الصَّفَا مِنْ اللهُ بَيْنَ وُجُوهِكُمْ

বাংলা

৮/১০৯৬। নু'মান ইবনে বাশীর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, "অবশ্যই তোমরা নিজেদের কাতার সোজা করে নিবে; নচেৎ আল্লাহ তোমাদের মুখমণ্ডলের মধ্যে বিভেদ সৃষ্টি করে দিবেন।" (বুখারী ও মুসলিম) [1]

মুসলিমের অন্য বর্ণনায় আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাতারগুলি এমনভাবে সোজা করতেন, যেন তিনি এর দ্বারা তীর সোজা করছেন। (তিনি তাতে প্রবৃত্ত থাকতেন) যতক্ষণ না তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানতে পারতেন যে, আমরা তাঁর কথা বুঝে ফেলেছি। একদিন তিনি বাইরে এলে (তারপর মুয়াজ্জিন) তাকবীর দিতে উদ্যত হচ্ছিল, এমন সময় একটি লোকের উপর তাঁর দৃষ্টি পড়ল, যার বুক কাতার থেকে আগে বেরিয়ে ছিল। তিনি বললেন, "আল্লাহর বান্দাগণ! তোমরা নিজেদের কাতার সোজা করে নাও; নচেৎ তোমাদের মুখমণ্ডলের মধ্যে আল্লাহ বিভিন্নতা ও বিভেদ সৃষ্টি করে দিবেন।"

(অর্থাৎ তোমাদের মধ্যে হিংসা, বিদ্বেষ ও শক্রতা জন্ম নেবে, যার অনিবার্য পরিণতি হবে অনৈক্য, অশান্তি-দ্বন্দ্ব-



কলহ তথা অধঃপতন।)

English

(194) Chapter: The Excellence of Standing in the First Row (In Salat)

An-Nu'man bin Bashir (May Allah be pleased with them) reported:
I heard the Messenger of Allah (ﷺ) saying, "Straighten your rows; otherwise,
Allah will create dissension among you."

[Al- Bukhari and Muslim].

The narration in Muslim is: An-Nu'man bin Bashir (May Allah be pleased with them) said: The Messenger of Allah () directed us to keep our rows as straight as arrows. He continued stressing this until he realized that we had learnt it from him (recognized its significance). One day he came into the mosque and stood up. He was just about to say Takbir (Allah is Greater) when he noticed a man whose chest was projected from the row, so he said, "O slaves of Allah, you must straighten your rows or Allah will certainly put your faces in opposite directions."

Commentary: This Hadith has been mentioned earlier and is repeated here for its being germane to this chapter. "Put your faces in opposite directions" signifies that "Allah will create enmity in you", which will create dissension rather than unity, weakness rather than strength and power, and the Muslims will then be overwhelmed with the fear and terror of their enemies. This phrase can also have a literal meaning, that is in consequence of confusion in your ranks, Allah will turn your face towards the napes of your necks and distort them. May Allah save the Muslims from both these punishments.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৭১৭, মুসলিম ৪৩৬, তিরমিয়ী ২২৭, নাসায়ী ৮১০, আবূ দাউদ ৬৬২, ৬৬৩, ৬৬৫, ইবনু মাজাহ ৯৯৪, আহমাদ ১৭৯০৯, ১৭৯১৮, ১৭৯৫৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন